

## তোলারাম কলেজে বোমাতঙ্ক পুলিশ মোতায়েন

নারায়ণগঞ্জ, ৮ অক্টোবর, নিজস্ব সংবাদদাতা ॥  
মঙ্গলবার দুপুরে সরকারী তোলারাম কলেজে বোমাতঙ্ক  
ছড়িয়ে পড়ে। এতে আতঙ্কিত হয়ে পড়েন  
শিক্ষকবৃন্দও। তবে ছাত্রদের কাছে বোমার বিষয়টি  
গোপন রেখে কলেজ ছুটি দিয়ে দেয়া হয়। কলেজে  
পুলিশ মোতায়েন করা হয়েছে।

জানা গেছে, দুপুর ১২টা ২০ মিনিটে কলেজের  
অধ্যক্ষের কাছে একটি ফোন আসে। ফোনে অজ্ঞাত  
এক ব্যক্তি দাবি করে যে, তিনটি বোমা পেতে রাখা  
হয়েছে কলেজের ভিতরে। দুপুর সাড়ে ১২টায়, বিকাল  
৩টায় ও বিকাল ৫টায় বিস্ফোরিত হবে বোমা তিনটি।  
এ খবর শিক্ষকদের মধ্যে ছড়িয়ে পড়লে তাঁরা  
আতঙ্কিত হয়ে পড়েন। বোমার বিষয়টি গোপন রেখে  
তাত্ক্ষণিকভাবে কলেজ ছুটি দিয়ে দেয়া হয়।  
পাশাপাশি খবর দেয়ার হয় পুলিশকে।

নারায়ণগঞ্জ থানার ওসি মিজানুর রহমান জানান,  
কলেজের বিভিন্ন ক্লাসরুম ও বাথরুমে নেটাল ডিটেক্টর  
দিয়ে ব্যাপক তদন্ত চালানো হয়। পুলিশ মোতায়েন  
করা হয়েছে। তবে বোমা জাতীয় কিছু পাওয়া যায়নি।  
ধারণা করা হচ্ছে, কেউ আতঙ্ক নৃষ্টির জন্য ফোনে এ  
খবর দিয়েছে।